গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

# সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ৫ আগস্ট ২০১৫, ২১ শ্রাবণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পূর্বাচলে আন্তর্জাতিক বাণিজ্যমেলা কেন্দ্র স্থাপনসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন

২। বিলুপ্ত ছিটমহল দ্রুত উন্নয়নে প্রধানমন্ত্রীর নির্দেশ

৩। বিমানের প্রথম হজ ফ্লাইট ১৬ আগস্ট : স্বাস্থ্য পরীক্ষা শুরু আজ
- প্রধানমন্ত্রী হজ কার্যক্রম উদ্বোধন করবেন ১৩ আগস্ট

৪। গুলিবিদ্ধ মা ও শিশুর চিকিৎসার দায়িত্ব নিল সরকার : হাসপাতালে স্বাস্থ্যমন্ত্রী

৫। মহাসড়কে অটোরিকশা চলাচলে ছাড় দেওয়া হবে না : সেতুমন্ত্রী

৬। দুর্নীতিবাজ শিক্ষকদের নজরে রাখা হয়েছে : শিক্ষামন্ত্রী

৭। বাংলাদেশিদের জন্য পুনরায় ওমরাহ ভিসা চালু করছে সৌদি সরকার

৮। এবার খুলনায় প্রাণ গেল শিশু রাকিবের : বিক্ষোভ, অবরোধ অভিযুক্তরা গ্রেফতার

৯। নতুন বাংলাদেশিরা ব্যাংকিং সেবার আওতায় আসছে

১০। এপিপি নিয়োগের পর মামলা নিষ্পত্তি অর্ধেকে নেমেছে
: সংসদীয় কমিটিতে আইন কমিশনের প্রতিবেদন

১১। গ্রীষ্মকালীন বিশেষ বিশ্ব অলিম্পিকে বাংলাদেশের ১৮টি স্বর্ণ পদক জয়

চলমান পাতা/২

১। পূর্বাচলে আন্তর্জাতিক বাণিজ্যমেলা কেন্দ্র স্থাপনসহ ৯ প্রকল্প একনেকে অনুমোদন

রাজধানীর আগারগাঁও এ হচ্ছে নতুন সচিবালয় তাই ভবিষ্যতে সেখানে আর আন্তর্জাতিক বাণিজ্যমেলা করা সম্ভব হবে না। এ কারণে পূর্বাচলে নির্মিত হবে স্থায়ী আন্তর্জাতিক প্রদর্শনী কেন্দ্র। এ প্রকল্পটিসহ ৯টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ৩ হাজার ৩৬৮ কোটি ৬৩ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিলের ২ হাজার ৩৭৯ কোটি ৩১ লাখ, বৈদেশিক সহায়তা থেকে ৯৫৭ কোটি ১৯ লাখ এবং বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ৩২ কোটি ১৩ লাখ টাকা ব্যয় করা হবে। গতকাল ৪ আগস্ট মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.২)।

২। বিলুপ্ত ছিটমহল দ্রুত উন্নয়নে প্রধানমন্ত্রীর নির্দেশ

বাংলাদেশের মূল ভূখন্ডের সাথে সম্প্রতি যুক্ত হওয়া বিলুপ্ত ছিটমহল এলাকায় দ্রুত উন্নয়ন প্রকল্প নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৪ আগস্ট মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় তিনি এ নির্দেশ দিয়েছেন। সূত্র-ইনকিলাব (পৃ.১, ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬)।

৩। বিমানের প্রথম হজ ফ্লাইট ১৬ আগস্ট : স্বাস্থ্য পরীক্ষা শুরু আজ

- প্রধানমন্ত্রী হজ কার্যক্রম উদ্বোধন করবেন ১৩ আগস্ট

১৬ আগস্ট সকাল ৮টা ৩৫ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রথম হজ ফ্লাইট (বিজি-১০১১) ৪১৯ জন সরকারি হজযাত্রী নিয়ে জেদ্দার উদ্দেশে ঢাকা ত্যাগ করবে। এর আগে ১৩ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশকোনাস্থ হাজি ক্যাম্পে হজ কার্যক্রম (২০১৫) আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। চলতি বছর সরকারি-বেসরকারি মিলিয়ে মোট ১ লাখ ১ হাজার ৭৫৮ জন হজ পালন করতে সৌদি আরব যাবেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ২ হাজার ৭৫৪ জন এবং বেসরকারিভাবে ৯৯ হাজার ৪ জন হজযাত্রী। এদিকে রাজধানীসহ সারাদেশে হজযাত্রীদের স্বাস্থ্যপরীক্ষা আজ ৫ আগস্ট বুধবার থেকে শুরু হচ্ছে। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৬)।

৪। গুলিবিদ্ধ মা ও শিশুর চিকিৎসার দায়িত্ব নিল সরকার : হাসপাতালে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম মাগুরায় গুলিবিদ্ধ মা ও শিশুকে দেখতে গতকাল ৪ আগস্ট মঙ্গলবার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যান। এসময় তিনি সাংবাদিকদের বলেন, গুলিবিদ্ধ এই মা ও শিশুর চিসিকৎসার দায়িত্ব সরকারের। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এদের চিকিৎসায় যাতে কোনো ত্রুটি না হয় তা দেখার নির্দেশ দিয়েছেন। অপরাধীদের উপযুক্ত বিচারের আওতায় আনা হবে উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, এ ঘটনায় জড়িতদের কোনো ছাড় দেওয়া হবে না। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.২,ক.১)।

৫। মহাসড়কে অটোরিকশা চলাচলে ছাড় দেওয়া হবে না : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, জাতীয় মহাসড়কে সিএনজি, ব্যাটারিচালিত অটোরিকশা ও এ ধরনের বাহনের বেপরোয়া চলাচলের কারণে অহরহ দুর্ঘটনা ঘটে। এতে চালক, হেলপার ছাড়াও যাত্রীদের প্রাণহানীর ঘটনা ঘটছে। যাত্রীদের নিরাপত্তায় মহাসড়কে অটোরিকশা চলাচলে কোনো ছাড় দেওয়া হবে না। মন্ত্রী গতকাল ৪ আগস্ট মঙ্গলবার ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লার পদুয়ার বাজার বিশ্বরোড এলাকায় রেলওয়ে ওভারপাস ও ফোর লেনের কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সমকাল (পৃ.২,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.১)।

৬। দুর্নীতিবাজ শিক্ষকদের নজরে রাখা হয়েছে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, যারা প্রশ্নপত্র ফাঁসসহ নানা দুর্নীতির সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। ইতোমধ্যে গোয়েন্দা সংস্থাসহ পুলিশের পক্ষ থেকে দুর্নীতিবাজ শিক্ষকদের নজরদারিতে আনা হয়েছে। গতকাল ৪ আগস্ট মঙ্গলবার রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) সম্মেলন কক্ষে 'কন্টেন্ট পরিমার্জন এবং ম্যানুয়াল' তৈরি সংক্রান্ত দিনব্যাপী এক কর্মশালার উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-যায়যায়দিন (পৃ.৩,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), নিউ নেশন (শেষ পৃ.,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৫)।

৭। বাংলাদেশিদের জন্য পুনরায় ওমরাহ ভিসা চালু করছে সৌদি সরকার

বাংলাদেশিদের জন্য পুনরায় ওমরাহ ভিসা চালু করছে সৌদি সরকার। ঢাকার অনুরোধে সাড়া দিয়ে আসন্ন হজ মৌসুম শেষে বাংলাদেশের নাগরিকদের ওমরাহ ভিসা দেওয়ার আশ্বাস দিয়েছে সৌদি আরব। সৌদি আরবের পররাষ্ট্র প্রতিমন্ত্রী নিজার বিন ওবাইদ মাদানি গত ৩ আগস্ট সোমবার জেদ্দায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের সঙ্গে বৈঠকে এ সিদ্ধান্ত জানিয়েছেন বলে গতকাল ৪ আগস্ট মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা

হয়েছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৮)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। এবার খুলনায় প্রাণ গেল শিশু রাকিবের : বিক্ষোভ, অবরোধ অভিযুক্তরা গ্রেফতার

সিলেটে পৈশাচিক নির্যাতনে শিশু সামিউল আলম রাজনের অকাল মৃত্যুর পর এবার খুলনায় বর্বরতার বলি হয়েছে মোটরসাইকেল গ্যারেজের কর্মচারী শ্রমিক রাকিবুল ইসলাম রাকিব। এক কর্মস্থল ছেড়ে অন্য স্থানে যোগ দেওয়ায় তাকে নির্মমভাবে প্রাণ হারাতে হলো। মোটরসাইকেলে হাওয়া দেওয়া পাইপের মাধ্যমে পেটে হাওয়া দেওয়ায় তার মৃত্যু হয়। গত ৩ আগস্ট সোমবার রাতে সে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে মারা যায়। পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এলাকবাসী এ ঘটনাকে পরিকল্পিত হত্যাকাণ্ড দাবি করে দোষীদের শাস্তির দাবিতে গতকাল ৪ আগস্ট মঙ্গলবার নগরীতে বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ করে। আসামিদের পুলিশ গ্রেফতার করেছে। এদিকে ময়নাতদন্ত শেষে বিকেল তিনটার দিকে রাকিবের লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। সূত্র-জনকণ্ঠ, প্রথম আলো, ইত্তেফাক, সমকাল, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। নতুন বাংলাদেশিরা ব্যাংকিং সেবার আওতায় আসছে

নতুন বাংলাদেশি নাগরিকদের ব্যাংকিং সেবার আওতায় আনতে বিশেষ উদ্যোগ নেওয়া হচ্ছে। যাতে অন্য বাংলাদেশির মতো সব ধরনের ব্যাংকিং সেবা পায় সাবেক ছিটমহলবাসী। সেই সঙ্গে যে প্রত্যাশা নিয়ে এই মানুষগুলো বাংলাদেশের সঙ্গে যুক্ত হয়েছে তা পূরণ হতে পারে। এর অংশ হিসেবে সদ্য সাবেক হওয়া ছিটমহলবাসীর জীবনমান উন্নয়নে বেশ কিছু উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। ব্যাংক হিসাব খোলা, টাকা জমানো ও ঋণ গ্রহণের সুবিধা পাবেন সাবেক ছিটমহলবাসী। এর মধ্যে হতদরিদ্র কৃষক, জেলে, কামার বা অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মাত্র ১০ টাকার বিনিময়ে ব্যাংক হিসাব খোলার সুযোগ পাচ্ছেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

১০। এপিপি নিয়োগের পর মামলা নিস্পত্তি অর্ধেকে নেমেছে
: সংসদীয় কমিটিতে আইন কমিশনের প্রতিবেদন

ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে মামলা নিস্পত্তির হার অর্ধেকে নেমে এসেছে বলে জানিয়েছে আইন কমিশন। কমিশন বলেছে, নিম্ন আদালতে রাষ্ট্রপক্ষের মামলা পরিচালনার জন্য কোর্ট সাব-ইন্সপেক্টরের পরিবর্তে সহকারী সরকারি কৌসুলি (এপিপি) নিয়োগ করার পর থেকে এ পরিস্থিতি তৈরি হয়েছে। মামলাজট নিরসন-সম্পর্কিত এক প্রতিবেদনে আইন কমিশন এসব কথা বলেছে। সূত্র-প্রথম আলো (পৃ.৫, ক.২), সমকাল (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৩,ক.৮), ডেইলি সান (শেষ পৃ.,ক.২)।

১১। গ্রীষ্মকালীন বিশেষ বিশ্ব অলিম্পিকে বাংলাদেশের ১৮টি স্বর্ণ পদক জয়

ক্যালিফোর্নিয়ার লস এঞ্জেলেসে অনুষ্ঠিত গ্রীষ্মকালীন বিশেষ বিশ্ব অলিম্পিকে বাংলাদেশ ১৮টি স্বর্ণ পদক অর্জন করেছে। গত ২ আগস্ট রোববার এই বিশেষ অলিম্পিক শেষ হলো। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ., ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : আইন প্রয়োগকারী সংস্থার হাতে বন্দুকযুদ্ধের নামে পরিকল্পিত, সংগঠিত ও নিয়মিত অপরাধচর্চা অবিলম্বে বন্ধ করার উদ্যোগ নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক, ডেইলি স্টার : ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) প্রকল্পে ২০ লাখ অধিবাসী বৎসরের প্রায় এক-তৃতীয়াংশ সময় জলাবদ্ধতার সাথে বসবাস করার কথা উল্লেখ করে ডিএনডিবাসীর জনদুর্ভোগ ও জলাবদ্ধতা নিরসনে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : ঘূর্ণিঝড় কোমেনের প্রভাবে সারাদেশে ভারি বর্ষণ ও জোয়ারের পানির তোড়ে বহু স্থানে বাঁধ ভেঙ্গে উপকূলীয় অনেক এলাকা প্লাবিত হয়ে পানিবন্দি হওয়া মানুষের দুর্দশা লাঘবে প্রয়োজনীয় ত্রাণ পৌঁছে দেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ, সমকাল : চলন্ত ট্রেনের নিচে চাপা পড়তে যাওয়া এক শিশুকে বাঁচাতে সুমন নামে এক পোশাক শ্রমিক নিজের প্রাণ দিয়ে বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে উল্লেখ করে তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ;

ঙ. যুগান্তর, ইনকিলাব : জাতীয় স্বার্থ ও স্বাস্থ্য রক্ষার প্রাথমিক অঙ্গীকার পূরণের বিবেচনা থেকেই ভেজাল ও নিম্নমানের ওষুধ নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ নেওয়া জরুরি হয়ে পড়েছে বলে মত প্রকাশ;

চ. ডেইলি স্টার, ডেইলি সান, নিউ এজ, যায়যায়দিন : সড়কে মেয়াদোত্তীর্ণ যানবাহন চলাচলে হাইকোর্টের নিষেধাজ্ঞা যথাযথভাবে প্রয়োগের আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : রক্ত সঞ্চালনের সময় রক্তে এইডস, এইচ আইভি, হেপাটাইটিস-বি, সিফিলিস রোগের জীবাণু রয়েছে কিনা সে বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান : সম্প্রতি সুন্দরবনে জলদস্যু দ্বারা ১২ জন জেলের নিহত হওয়ার পরিপ্রেক্ষিতে পেশাদার সন্ত্রাসী ও লুটেরাদের কঠোর হাতে দমনের সুপারিশ;

ঝ. নিউজ টুডে : দেশের বিভিন্ন স্থানে নারীদের ওপর দৈহিক লাঞ্ছনার ঘটনা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে

দোষীদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ঞ. নিউ নেশন : বেসিক ব্যাংকের লোন সংক্রান্ত দুর্নীতির ব্যাপারে দুর্নীতি দমন কমিশনকে নিরপেক্ষভাবে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে দেশে যদি তথ্যপ্রযুক্তিতে উন্নত শিক্ষা ও নিজস্ব পরিবেশ গড়ে তোলার উদ্যোগ না থাকে, হাজার হাজার সম্ভাবনাময় শিক্ষিত তরুণ তরুণীকে উন্নতর প্রশিক্ষণ দিয়ে সফটওয়্যার শিল্পের সম্ভাবনাকে কাজে লাগনোর প্রাতিষ্ঠানিক উদ্যোগ না থাকে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন সফল হওয়া কঠিন হয়ে পড়বে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'মোবাইল ব্যাংকিংয়ে নতুন নিয়ম' শিরোনামের নিবন্ধে আনোয়ার হোসেন মোবাইল ব্যাংকিং আমাদের অর্থনীতির চাকা সচল রাখতে সহায়ক ভূমিকা পালন করছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা